



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৫৩/১০২০/৪

তারিখঃ ১৪.০৮.২০১৯খ্রিঃ

**বিষয়:** সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার মো: ইয়াহিয়া সরকারকে বকেয়া বেতন-ভাতা প্রদান না করার বিষয়ে শুনানীতে অংশগ্রহণের জন্য স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

**সূত্র:** ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/১০৬০/৪/রংপুর-৫৩; তারিখ: ১০.০৪.২০১৯  
২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫৭.১৮-৩৪৭; তারিখ: ১২.১২.২০১৮

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন ঝোরারঘাট শাহ্ ছালেক দাখিল মাদ্রাসার সহ-সুপার (সাময়িক বরখাস্তকৃত) মো: ইয়াহিয়া সরকার মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর প্রেক্ষিতে প্রদত্ত রায় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সূত্রোক্ত স্মারকের মাধ্যমে জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদানের জন্য আবেদন দাখিলের প্রেক্ষিতে সূত্রোক্ত ১নং স্মারকে সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার মো: ইয়াহিয়া সরকার-কে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ পূর্বক ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হয়। পত্রের আদেশ মোতাবেক বিগত ২৭/০৪/২০১৯ খ্রি: তারিখে তাকে স্বপদে বহাল করে বর্তমান অর্থ বছরের মে-২০১৯ পর্যন্ত সমুদয় বেতন-ভাতা প্রদান করা হয়েছে কিন্তু সহ-সুপার জনাব মো: ইয়াহিয়া সরকার রেজিস্ট্রারে রাজস্বসহ স্বাক্ষর না করার কারণে উপজেলা নির্বাহী অফিসার তার বেতন-ভাতা বাদ দিয়ে অন্যান্য শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা বিলে স্বাক্ষর করেন।

বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য আগামী ২৬/০৮/২০১৯ খ্রি: তারিখ রোজ সোমবার বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

০/৫

প্রাপক:

- ১। সভাপতি, ম্যানিজং কমিটি, ঝোরারঘাট শাহ্ ছালেক দাখিল মাদ্রাসা
- ২। সুপার, ঝোরারঘাট শাহ্ ছালেক দাখিল মাদ্রাসা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮



নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৫৩/১০২০/৪

তারিখঃ ১৪.০৮.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর।
৪. জনাব মো: ইয়াহিয়া সরকার, সহ-সুপার (সাময়িক বরখাস্তকৃত), ঝোরারঘাট শাহ্ ছালেক দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।



মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

